

💵 প্রশ্লোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায) রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

৪১. কতটুকু ত্রুটি ও ঘাটতি নিয়ে ইমামতি করা যায়?

সমাজে এমন কিছু লোক আছে যাদেরকে বাহ্যিক দৃষ্টিতে ইমাতির জন্য যোগ্য বলে মনে হয় না, তারাও ইমামতি করতে পারবে। যেমন-

- (১) অন্ধ, ইবনে উম্মে মাকতুম নামক একজন অন্ধ সাহাবী ইমামতি করেছেন। (তিরমিযী: ১১২১),
- (২) ক্রিতদাস (বুখারী: ৬৯২),
- (৩) মুসাফির,
- (৪) তায়াম্মুমকারী,
- (৫) মহিলাদের জামাআতে মহিলা,
- (৬) মহিলাদের জামাআতে পুরুষ,
- (৭) কমপক্ষে ৬-৭ বছরের নাবালেগ কিশোর (বুখারী: ৪৩০২)। আর তা ফরজ-নফল। সকল সালাতেই,
- (৮) অধিক সম্মানী মুক্তাদীর সামনে অপেক্ষাকৃত কম সম্মানী ব্যক্তির ইমামতি। সাহাবী আবদুর রহমান ইবনে আউফের পেছনে রাসূলুল্লাহ (স.) সালাত আদায় করেছেন (মুসলিম),
- (৯) ফরজ সালাতের ইমামের পেছনে নফল; নফলের পেছনে ফরজ, তারাবীহর ইমামের পেছনে এশা, আসরের জামাআতের ইমামের পেছনে যোহরের কাযা সালাত আদায় জায়েয। (বুখারীর: ৭১১ নং হাদীসের আলোকে)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=12925

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন